দৈনিক বাংলা

তারিখ 11 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

## ডিপ্লোমা ইন ইউনানী ও আয়ুর্বেদের মান

শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সার্টিফিকেটের মর্যদা সম্পর্কে এদেশের জনগণ অবগত আছেন। তবে ডিপ্লোমা ইন ইউনানী ও আয়ুর্বেদের মান-মর্যাদা সম্পর্কে বিভিন্ন মহল থেকে যেভাবে আজ প্রশ্ন জাগছে তাতে হতাশ হচ্ছে ডিপ্লোমা ইন ইউনানী ও আয়ুর্বেদ পাস করা ছাত্রছাত্রীরা। এ ব্যাপারে বোর্ডের সাথে যোগাযোগ করা হলে বোর্ড কর্তৃপক্ষ কোন কাগজপত্র দেখাতে পারেননি। তবে মৌখিক ভাবে বলছেন যে ডিপ্লোমা ইন ইউনানী ও আয়ুর্বেদের মর্যাদা সাধারণ শিক্ষা ক্ষেত্রের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটেরও উর্ধ্বে। তাছাড়াও ডিপ্লোমা ইন মেকানিক্যাল, ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল, ডিপ্লোমা ইন সিভিল এই সব ক্ষেত্রে তিন বৎসর শিক্ষা অর্জন করার পর সার্টিফিকেট প্রদান করা হয়। কিন্তু ডিপ্লোমা ইন ইউনানী ও আয়ুর্বেদ শিক্ষার ক্ষেত্রে এ সার্টিফিকেট প্রদান করা হয় ৪ বৎসর ৬ মাস শিক্ষা অর্জন করার পর। কিন্তু আমাদের দেশের বিভিন্ন প্রতিষ্ঠান আজ এই শিক্ষার সম মর্যাদা সাধারণ শিক্ষার ক্ষেত্রে কতটুকু তা অবগত নন। ফলর্ত এ শিক্ষায় শিক্ষিত ছাত্রছাত্রীরা আজ হতাশায় ভুগছে। তাই ডিপ্লোমা ইন ইউনানী ও আয়ুর্বেদ সাধারণ শিক্ষার ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক না ডিগ্রী কোনটির সমতুল্য তা পত্র পত্রিকাসহ বিভিন্ন প্রচার মাধ্যমের মারফত জানিয়ে দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছি।

কবিরাজ এম আমিন উল্যাহ
ডি এ এম এস ঢাকা।
হাকিম আবু ছাদেক মিয়া
ডি ইউ এমএস/ঢাকা
কবিরাজ দিলীপ কুমার
ডি এ এম এস/ঢাকা।
হাকীম এম এ বারী
ডি. ইউ এম এস/ঢাকা।